দৈনিক সংবাদ

38

তারিখ 21 OCT 1996
পৃষ্ঠা কলাম

# শিক্ষামন্ত্রীর সঙ্গে কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক নেতাদের বৈঠক

শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেছেন, শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবি পূরণের মাধ্যমে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করতে বর্তমান সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

তিনি গতকাল বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির (বাকবিশিস) সঙ্গে এক বৈঠকে একথা বলেন। শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত বৈঠকে বাকবিশিস-এর সভাপতি অধ্যাপক ডঃ এম আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক মোঃ শাহজাহানের নেতৃত্বে পঁচিশ সদস্যের প্রতিনিধিদল যোগদান করেন।

অন্যদের মধ্যে ছিলেন ডঃ রঙ্গলাল সেন, ডঃ ফজলুল হক খোন্দকার, ডঃ এসএম মাহফুজুর রহমান, ডঃ ফজলি হোসেন, ডঃ নূর মোহাম্মদ তালুকদার, অধ্যক্ষ আতাউর রহমান, অধ্যাপক সিরাজুল হক আলো, অধ্যাপক এমএ বারী, ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারী, অধ্যাপক শফিকুল মাওলা, অধ্যাপক মনির হোসেন, এএফএম নজরুল মজিদ, অধ্যাপক সমরেন্দ্র নাথ রায়, অধ্যাপক চৌধুরী, অধ্যাপিকা মেহের মকবুলা, অধ্যাপক মোঃ জাহাঙ্গীর, অধ্যাপক আশরাফুল আলম, অধ্যাপক আবদুস সালাম, অধ্যাপক কাজি মিজানুল ইসলাম, অধ্যাপক নূরজাহান বেগম ও অধ্যাপক মজিবর রহমান। সমিতির নেতৃবৃন্দ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মত তাদের জন্য নির্দিষ্ট মেয়াদান্তে টাইম স্কেল, বেসরকারি কলেজে সহযোগী অধ্যাপক ও অধ্যাপকের পদ সৃষ্টি, শিক্ষকদের বেতন আয়করমুক্ত, বেসরকারি কলেজে শিক্ষক নিয়োগের জন্য বেসরকারি পর্যায়ে পাবলিক সার্ভিস গঠনসহ ১৫ দফা দাবিদাওয়া শিক্ষামন্ত্রীর কাছে উত্থাপন করেন।